



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

14 SEPTEMBER 2024

7:35 AM IST

=====

ৰাজ্য মন্ত্ৰীসভা উচ্চতৰ মাধ্যমিকৰ চাৰ হাজাৰ ৬০০ ৰো অধিক ঠিকাভিত্তিক শিক্ষক-শিক্ষিকাৰ চাকুৰী নিয়মিত কৰাৰ সিদ্ধান্ত গ্ৰহণ কৰেছে। তৰে এই নিয়ম বাধ্যতামূলক নয় এবং শিক্ষক শিক্ষিকা ইচ্ছে হলে আগের মতো ঠিকাভিত্তিকশিক্ষক হিসেবে কাজ কৰাৰ বিকল্প গ্ৰহণ কৰতে পাৰবেন। মন্ত্ৰীসভা সেইসঙ্গে আগামী ১৯ সেপ্টেম্বৰ দুটি প্ৰকল্প আৰম্ভ কৰাৰ সিদ্ধান্ত নিয়েছে। প্ৰথম প্ৰকল্পৰ অধীনে ১২ লক্ষ ৬০ হাজাৰ হিতাধিকাৰীকে অৰুণোদয় প্ৰকল্পে অৰ্ন্তভুক্ত কৰা হবে। এই হিতাধিকাৰীরা ১০ জানুৱাৰীৰ মध्ये প্ৰথম কিস্তিৰ অৰ্থ লাভ কৰবেন। দ্বিতীয় প্ৰকল্পৰ অধীনে ১৭ লক্ষ নতুন লোককে ৰেশন কাৰ্ড প্ৰদান কৰা হবে। মন্ত্ৰীসভাৰ বৈঠক শেষে এক সাংবাদিক সন্মেলনে মুখ্যমন্ত্ৰী ড.হিমন্ত বিশ্ব শৰ্মা একথা জানান।

আসাম ৰাজ্য বিদ্যালয় পৰ্ষদেৰ অধ্যক্ষ হিসেবে গতকাল অবসৰপ্ৰাপ্ত আই এ এস আধিকাৰিক ৰমেশ চান্দ জৈন ও উপাধ্যক্ষ হিসেবে ৰুক্ম গৌহাই বৰুয়া শপথ গ্ৰহণ কৰেছেন। মাধ্যমিক শিক্ষা পৰ্ষদেৰ কাৰ্যালয়ে আয়োজিত শপথ গ্ৰহণ অনুষ্ঠানে পৰ্ষদেৰ অন্যান্য সদস্যৰাও শপথ গ্ৰহণ কৰেন। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্ৰী ড: ৰণোজ পেগু অংশ নিয়ে বলেন যে জাতীয় শিক্ষানীতিৰ সংগে সংগতি ৰেখে গঠন কৰা ৰাজ্য বিদ্যালয় শিক্ষা পৰ্ষদ মূলত মাধ্যমিক পৰ্যায়ৰ শিক্ষাৰ জন্য দায়বদ্ধ

হবে। পৰ্যদ পঠন পাঠনের দিকসমূহ সহ পরীক্ষা গ্রহণ , প্রমাণপত্র প্রদান , পাঠ্যক্রম প্রস্তুত করা ইত্যাদি কাজ করবে। ড: পেণ্ড বলেন যে বর্তমানে দক্ষতা ভিত্তিক শিক্ষার উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হচ্ছে। সেই অনুযায়ী ব্যবহারিক , দক্ষতা ভিত্তিক , শিক্ষা // শিক্ষার্থীরা যাতে বিদ্যালয়ে গ্রহণ করতে পারে তারজন্য রাজ্যের উচ্চতর মাধ্যমিক ও বহুমুখী বিদ্যালয়গুলিকে পুনরুজ্জীবিত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয়ের সংখ্যা বর্তমানের চার হাজার ৫০০ থেকে ৬ হাজারে বৃদ্ধি করা হবে এবং বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের জন্য সরকার ৮ কোটি টাকা করে প্রদান করবে বলেও জানিয়েছেন।

রাজ্য সরকার আগামী ১৫ ই সেপ্টেম্বর সমগ্র রাজ্যে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার প্রথম পর্যায়ের পরীক্ষা গ্রহণের জন্য প্রস্তুতি সম্পূর্ণ করে তুলেছে।

কাছাড়ের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এক নির্দেশ জানিয়েছেন যে আগামীকাল অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এক্সামিনেশন (এ ডি আর ই) পরীক্ষার পরিপ্রেক্ষিতে দুপুর দেড়টা পর্যন্ত জেলার মধ্যে কোনো ধরনের লাউড স্পিকার ব্যবহার বা কোনোধরনের শব্দ পরিবর্ধন করা যাবে না। জনসাধারণের শান্তি বজায় রাখা এবং পরীক্ষা কেন্দ্রের আশেপাশে শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এই আদেশ জারী করা হয়েছে।

করিমগঞ্জ জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শকের কার্যালয়ে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে। এই কন্ট্রল রুমের দায়িত্বে রয়েছেন সহকারী আয়ুক্ত রংবাহন টেরন। এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে- ৯৬৭৮৯৩৪৭০৪।

আসাম বিশ্ববিদ্যালয়ের দুদিনব্যাপী ২১তম সমাবর্তন গতকাল বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ মুক্ত মঞ্চে শুরু হয়েছে। সমাবর্তনে গতকাল প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ, লেখক ও অনুবাদক দিগন্ত শর্মা এবং সাহিত্যিক পদাশ্রী রংবন টেরংকে ডক্টরেট ডিগ্রী প্রদান করা হয়। এছাড়া ২০২ জন ছাত্র ছাত্রীকে পি এইচ ডি ডিগ্রী এবং ৭০ জনকে স্বর্ণপদক প্রদান করা হয়। আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন বায়ু সেনা প্রধান অরুণ রাহাৰ পৌৰহিত্যে আয়োজিত সমাবর্তন অনুষ্ঠানে মধ্যপ্রদেশের ডক্টর হরি সিং গৌৰ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপিকা নীলিমা গুপ্তা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

শিলচৰ পৌৰ এলাকায় বৃদ্ধভাতা, বিধবা ভাতা ও বিকলাঙ্গভাতা হিতাধিকাৰীদেৰ অবগতিৰ জন্য জানানো হয়েছে যে আগামী ২০ শে সেপ্টেম্বৰেৰ মধ্যে তাৰেৰ আধাৰ কাৰ্ডেৰ ফটোকপি আধাৰ সিডিংয়েৰ জন্য শিলচৰ পৌৰসভা দপ্তৰে জমা দিতে হবে। অন্যথায় সেইসব হিতাধিকাৰীৰা প্ৰাপ্য সুবিধা থেকে বঞ্চিত হতে পাৰেন। সেইসঙ্গে কোনো হিতাধিকাৰীৰ মৃত্যু হলে তাৰেৰ পৰিবাৰকে মৃত্যেৰ প্ৰমাণ-পত্ৰ জমা দেবাৰ জন্য শিলচৰ পৌৰসভাৰ কাৰ্যনিৰ্বাহী আধিকাৰিক আহ্বান জানিয়েছেন।

শিলচৰ রাধামাধব কলেজ স্টুডেন্টস হেলথ কেয়াৰ সেন্টাৰেৰ উদ্যোগে এবং বৰাক ভ্যালী ভলান্টাৰী ব্লাড ডোনাৰ্স ফোৰামেৰ সহযোগীতায় আজ কলেজ প্ৰাঙ্গনে স্বেচ্ছায় রক্তদান সম্পৰ্কে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় স্বাগত বক্তব্য রাখেন কলেজ অধ্যক্ষ ডক্টৰ দেবানীষ রায়।

পঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং এন আর এল এম কাছাড় ও হাইলাকান্দির সহযোগিতায় গতকাল থেকে শিলচর আর সেটি কার্যালয়ে আর্টিফিসিয়াল জুয়েলারী বিষয়ক উদ্যোগী মনোভাব প্রসার প্রশিক্ষন কর্মশালা শুরু হয়েছে । ১৩ দিনের এই কর্মশালায় কাছাড় ও হাইলাকান্দি জেলার ৩৫ জন যুবক-যুবতী অংশগ্রহন করেছেন ।

শিলচর গোলদিঘী মলে বিভিন্ন পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় দক্ষ, অভিজ্ঞ এবং আইন দ্বারা প্রয়োজনীয় নিবন্ধনের সর্মথনে দরপত্র আহ্বান করা হয়েছে । দরপত্র আগামী ২০ সেপ্টেম্বর বিকেল তিনটার মধ্যে জমা করতে আহ্বান করা হয়েছে । বিশদ বিবরণ শিলচর গোলদিঘী মল কার্যালয়ে পাওয়া যাচ্ছে ।
